

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬২

মোহনপুর, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

মোহনপুর মহকুমায় ১২টি মহিলা পরিচালিত ভোটকেন্দ্র

মোহনপুর মহকুমায় ৩টি বিধানসভা ক্ষেত্র রয়েছে। এই বিধানসভা ক্ষেত্রগুলি ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের অন্তর্গত। বিধানসভা ক্ষেত্রগুলি হচ্ছে ১-সিমনা (এসটি), ২-মোহনপুর ও ৩-বামুটিয়া (এসসি)। গতকাল এক সাংবাদিক সম্মেলনে মোহনপুর মহকুমার মহকুমা শাসক তথা অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসার সুভাষ দত্ত একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, মহকুমার প্রতিটি বিধানসভা কেন্দ্রের ৪টি ভোটকেন্দ্র মহিলা ভোটকর্মীদের দ্বারা পরিচালিত হবে। তিনি জানান, মহকুমার ১-সিমনা (এসটি) বিধানসভা কেন্দ্রে ভোটার রয়েছেন ৩৮,৯৭৪ জন। এর মধ্যে পুরুষ ভোটার ১৯,৩৯১ জন এবং মহিলা ভোটার রয়েছেন ১৯,৫৮৩ জন। ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৫০টি। ২-মোহনপুর বিধানসভা কেন্দ্রে ভোটার রয়েছেন ৪৭,২৫৯ জন। এর মধ্যে মহিলা ভোটার ২৩,৫১৭ জন ও পুরুষ ভোটার ২৩,৭৩৪ জন। ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৫৬টি। এই কেন্দ্রে তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৪ জন। ৩-বামুটিয়া (এসসি) বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৫৪টি। এই কেন্দ্রে ভোটার রয়েছেন ৪৭,১০৬ জন। এর মধ্যে মহিলা ভোটার রয়েছেন ২৩,৫৯০ জন ও পুরুষ ভোটার রয়েছেন ২৩,৫১৩ জন।
